

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৩১১.১৬. ১৪৩৩

তারিখ : ২৮/১০/২০১৬ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, আপনি জনাব মোঃ রফিকুল ইসলাম, অফিস সহায়ক পদে রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত আছেন।

- ২। আপনি জনাব মোঃ রফিকুল ইসলাম চাকুরীর নিয়োগাদেশ বলে ৪ ভিটিআই (বরিশাল, পাবনা, রংপুর এবং সিলেট) রিনোভেশন ও রি-অর্গানাইজেশন শীর্ষক প্রকল্পে গার্ড হিসাবে ২৩/০৪/১৯৯৪ খ্রিঃ তারিখে যোগদান করেন। পরবর্তীতে ১৮/০২/২০০৮ খ্রিঃ তারিখে এ অধিদপ্তরের ৪ ভিটিআই/রাজস্ব বাস্তবায়ন/১৭৫৪/০৭/৩৮৬/১৬(১১) প্রজ্ঞাপনমূলে উক্ত প্রকল্পটির কর্মরত জনবল রাজস্ব খাতে স্থানান্তর/পদায়নের সময় আপনি গার্ড হিসাবেই ০৪/০২/২০০৮ খ্রিঃ তারিখে যোগদান পত্র দাখিল করেন। ২০১০ সালে আপনাকে গার্ড হিসাবে পাবনা টেকনিক্যাল স্কুল ও কলেজে বদলী করা হয়। পরবর্তীতে উক্ত প্রতিষ্ঠান হতে রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে বদলীতে গার্ড এর পদ শূন্য না থাকায় এমএলএসএস এর শূন্য পদে (সমস্কেল) বদলী করা হয়।
- ৩। আপনি জনাব মোঃ রফিকুল ইসলাম পদ পরিবর্তনে প্রশাসনিক জটিলতা সৃষ্টি করছেন। পদবী পরিবর্তনের বিষয়টি নিয়ে আপনি বিভিন্ন মহল, গণমাধ্যম ও পত্রিকার সংবাদ কর্মীদের কাছে প্রতিষ্ঠান সম্পর্কে অপ্রসঙ্গিক উস্কানীমূলক তথ্য প্রদান করছেন। এতে প্রতিষ্ঠানের সুনাম চরমভাবে ক্ষুণ্ণ হয়েছে।

আপনার এহেন কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর পরিপন্থি যা কর্তব্য কাজে অসদাচরণের সামিল।

এমতাবস্থায়, সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ২২ ধারা অনুযায়ী আপনাকে দোষি সাব্যস্ত করে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫” এর আওতায় অসদাচরণ এর দায়ে কেন অভিযুক্ত করা হবে না তা এ বিধিমালার ৭(বি) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিত ভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।

( মোঃ মিজানুর রহমান )

যুগ্ম সচিব

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : জনাব মোঃ রফিকুল ইসলাম  
অফিস সহায়ক  
রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ  
রংপুর।

অনুলিপি :

- ১। অধ্যক্ষ, রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।